# B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় ঃ বাংলা

## Course : CC-V

সময় ঃ ৩ ঘণ্টা | পূর্ণমান ঃ ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১. *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০=২০

(ক) রামরাম বসুর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।

(খ) ছদ্মনামে লেখা বিদ্যাসাগরের দুটি গ্রন্থের নাম লেখো।

(গ) প্রকাশকালসহ উইলিয়ম কেরির লেখা দুটি গ্রন্থের নাম লেখো।

(ঘ) গঙ্গাকিশোর ভট্টাচার্য কোন পত্রিকার সম্পাদনা করেছিলেন? এটি প্রথম প্রকাশিত হয় কোন সালে?

(ঙ) 'দশমহাবিদ্যা' কে রচনা করেন? কত সালে এটি প্রকাশিত হয়?

(চ) 'পারিবারিক প্রবন্ধ' কে লেখেন? গ্রন্থটির প্রকাশকাল লেখো।

(ছ) 'বঙ্গনারী' নাটকটি কার লেখা? এটি কোন শ্রেণির নাটক?

(জ) 'সিরাজদৌল্লা' নাটকটি কার লেখা? নাটকটির প্রকাশকাল লেখো।

(ঝ) রবীন্দ্রনাথের লেখা দুটি কৌতুক নাটকের নাম লেখো।

(ঞ) ভারতীয় গণনাট্য সংঘের সঙ্গে চিন্তায় ও কর্মে জড়িত ছিলেন এমন দুজন নাট্যকারের নাম লেখো।

(ট) 'কর্তার ইচ্ছায় কর্ম' কার লেখা? প্রকাশকাল লেখো।

(ঠ) 'বৈকুণ্ঠের উইল' ও 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসদুটির রচনাকারের নাম লেখো।

(ড) 'আমাদের শিক্ষা' ও 'শিক্ষা' প্রবন্ধ গ্রন্থদুটির রচয়িতার নাম লেখো।

(ঢ) 'নবপর্যায় বঙ্গদর্শন' পত্রিকার সম্পাদক কে ছিলেন? কত সালে এটি প্রকাশিত হয়?

(ণ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

২. *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'ত্রয়ী কাব্য' বলতে কোন কোন কাব্যকে বোঝায়? কাব্যটি রূপায়ণে রচয়িতার কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

(গ) বাংলা নাটকে ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের কৃতিত্ব আলোচনা করো।

(ঘ) সামাজিক ও পারিবারিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব আলোচনা করো।

(ঙ) রবীন্দ্রনাথের রূপক ও সাংকেতিক নাটকগুলি নিয়ে সংক্ষেপে আলোচনা করো।

(চ) অন্তত পাঁচটি উপন্যাসের উল্লেখ করে তারাশঙ্করের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও।

৩. *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) মাইকেল মধুসূদন দত্তের কবিপ্রতিভা সম্পর্কে আলোচনা করো।

(খ) দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্যরচনাসমূহের পরিচয় দিয়ে তাঁর নাট্যপ্রতিভার মূল্যায়ন করো।

(গ) বাংলা প্রবন্ধ সাহিত্যে প্রমথ চৌধুরীর কৃতিত্ব আলোচনা করো।

(ঘ) ঔপন্যাসিক মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রতিভা ও শিল্পকুশলতার বিস্তৃত পরিচয় দাও।

# B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় ঃ বাংলা

## Course : CC-VI

সময় ঃ ৩ ঘণ্টা

পূর্ণমান ঃ ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১. *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০=২০

(ক) স্বরলোপ কাকে বলে? অন্ত্যস্বরলোপের একটি দৃষ্টান্ত দাও।

(খ) সহধ্বনি (allophone) কাকে বলে? উদাহরণ দাও।

(গ) উদাহরণসহ যৌগিক স্বর বুঝিয়ে দাও।

(ঘ) বাংলা স্বরধ্বনিতে নিম্নাবস্থিত স্বর কাকে বলে দৃষ্টান্ত সহযোগে লেখো।

(ঙ) উচ্চারণ দ্রুতির ফলে যে প্রকার ধ্বনি পরিবর্তন হয় তা দৃষ্টান্ত দিয়ে বোঝাও।

(চ) বাক্যশব্দ কাকে বলে? উদাহরণ দাও।

(ছ) বাংলা ভাষার সাধুরীতি এবং চলিতরীতিতে সর্বনাম ব্যবহারের পার্থক্য উদাহরণসহ লেখো।

(জ) আদর্শ কথ্যভাষা কখন শিষ্টজনসম্মত রূপ লাভ করে? বাংলা ভাষার আদর্শ কথ্য ভাষায় কোন উপভাষা-ছাঁদটি ব্যবহৃত হয়ে থাকে?

(ঝ) মহোৎসব > মোচ্ছব– শব্দার্থ পরিবর্তনের কোন রীতি অনুসৃত হয়েছে বুঝিয়ে দাও।

(ঞ) যমজ শব্দ কাকে বলে? উদাহরণ দাও।

(ট) বাংলা ভাষার আদি-মধ্য যুগের কালসীমা নির্দেশ করো। ঐ সময়ের বাংলা ভাষার নিদর্শন পাওয়া যায়, এমন একটি গ্রন্থের নাম লেখো।

(ঠ) সমাপিকা ক্রিয়া কাকে বলে? সমাপিকা ক্রিয়া কর্তার আগে ব্যবহৃত হয়েছে এমন একটি বাক্য লেখো।

(ড) বঙ্গালী উপভাষায় [স]- ধ্বনির কী প্রকার উচ্চারণ হয়? ঐ উপভাষায় ও > উ-কার রূপান্তর ঘটেছে এমন একটি দৃষ্টান্ত দাও।

(ঢ) প্রাচীন ভারতীয় আর্যভাষার সম্ভাব্য কালসীমা নির্দেশ করো।

(ণ) বাংলা ভাষায় ব্যবহৃত হয় এমন চারটি প্রাদেশিক শব্দের দৃষ্টান্ত দাও (উৎস ভাষাসহ)।

২. *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বাংলা ভাষার সাধুরীতি ও চলিত রীতির মধ্যে যে কোনো পাঁচটি পার্থক্য লেখো।

(খ) ঝাড়খণ্ডী উপভাষার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি উদাহরণসহ লেখো।

(গ) প্রাচীন বাংলার গুরুত্বপূর্ণ ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(ঘ) শব্দার্থ পরিবর্তনের নিম্নলিখিত রূপ দুটি নিয়ে আলোচনা করো – অর্থসংক্রম, অর্থসংকোচ

(ঙ) উচ্চারণ প্রকৃতি অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনিগুলি শ্রেণিবদ্ধ করো।

(চ) স্বরাগম বলতে কী বোঝো? বাংলা শব্দের আদি, মধ্য ও অন্ত্য স্বরাগম বিষয়ে আলোচনা করো।

৩. *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) বাংলা ভাষার আদি-মধ্যযুগের ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি উদাহরণযোগে আলোচনা করো।

(খ) বাংলা ভাষার শব্দভাণ্ডার সম্পর্কে আলোচনা করো।

(গ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উদাহরণসহ লেখো।

(ঘ) বাংলা ভাষার উদ্ভবের ইতিহাসটি সংক্ষেপে লেখো।

# B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় ঃ বাংলা

## Course : CC-VII

সময় ঃ ৩ ঘণ্টা

পূর্ণমান ঃ ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

(ক) কার লেখা, কোন কাব্যের আদর্শে 'বীরাঙ্গনা' কাব্যটির রচনা?

(খ) ''জনক জননী / ত্যজিলা শৈশবে মোরে না জানি, কি পাপে?''— বক্তা কে? তার 'জনক জননী' কে?

(গ) ''সুরবালা-মনঃ তুমি ভুলালে সহজে, / নররাজ!''—সুরবালা এবং নররাজ কে?

(ঘ) ''মহাযাত্রা করি / চলিল অভাগা জনা পুত্রের উদ্দেশে!''—কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো।

(ঙ) ''যদি আজ্ঞা দেহ, এবে পরিচয় দিব / সংক্ষেপে।'' — সংক্ষেপে বক্তার পরিচয় দাও।

(চ) ''কৌতুক বড় বাড়িতেছে মনে!'' — কার, কেন কৌতুক হচ্ছে?

(ছ) ''কুলাচার্য্য তিনি কু-কুলের?'' — কুলাচার্য্যটি কে? 'কু-কুল' বলতে কী বোঝানো হয়েছে?

(জ) ''দাঁড়াও হৃদয়েশ্বরী / ত্রিভুবন আলো করি, / দু'নয়ন ভরি ভরি দেখিব তোমায়!'' — কথাগুলির প্রসঙ্গ বুঝিয়ে দাও।

(ঝ) 'সারদামঙ্গল' কাব্যটি প্রথম কোন পত্রিকায় এবং কবে প্রকাশিত হয়?

(ঞ) 'সারদামঙ্গল' কাব্যের আখ্যাপত্রে উল্লিখিত শ্লোকটির অর্থ লেখো।

(ট) ''সহসা ললাটভাগে, জ্যোতির্ম্ময়ী কন্যা জাগে।'' — 'জ্যোতির্ম্ময়ী কন্যা'টি কে? কার ললাটে তার আবির্ভাব হয়েছে?

(ঠ) ''মহান উদার সৃষ্টি প্রকৃতি তোমার।''— কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো।

(ড) ''বিচিত্র গগন-ফুল-কল্পনা-লতার''—চরণাংশটি 'সারদামঙ্গল' কাব্যের কোন্ সর্গে আছে? কথাটি কোন্ প্রচলিত প্রবচনের কাব্যরূপ?

(ঢ) ''তোমা হারা হলে আমি প্রাণহারা হই।''— বক্তা কে? তিনি কেন এমন কথা বলেছেন?

(ণ) ''সে শোক সঙ্গীত কথা / শুনে কাঁদে তরু-লতা'' — এখানে কোন শোক সংগীতের কথা বলা হয়েছে?

২. *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

(ক) ''কিঙ্করী করিয়া মোরে রাখ রাজপদে!'' — বক্তা কে? পত্রটিতে বিবৃত তার প্রেমিকাসত্তার পরিচয় দাও।

(খ) বীরাঙ্গনা নায়িকারা পৌরাণিক হলেও তারা সকলেই আধুনিক জীবনবোধে সম্পৃক্ত। — এই মন্তব্যের আলোকে সূর্পনখা চরিত্রটি বিশ্লেষণ করো।

(গ) উর্ব্বশীর পত্রিকাটি কাব্যের কত সংখ্যক পত্রিকা? পত্রিকাটি অবলম্বনে উর্ব্বশী কোন কোন দিক দিয়ে বীরাঙ্গনা চরিত্র হয়ে উঠেছে তা বুঝিয়ে দাও।

(ঘ) 'সারদামঙ্গল' কাব্যে যে ত্রিবিধ বিরহের কথা আছে, সংক্ষেপে সেই ত্রিবিধ বিরহের পরিচয় দাও।

(ঙ) 'সারদামঙ্গল' কাব্যের কোন সর্গে নন্দন কাননের বর্ণনা আছে? কাব্যে বর্ণিত নন্দন কাননের বর্ণনা তুলে ধরো।

(চ) 'সারদামঙ্গল' কাব্যটির নামকরণে 'মঙ্গল' শব্দটি সংযুক্তির তাৎপর্য বুঝিয়ে দাও।

৩. নীচের প্রশ্ন *দুটির* উত্তর দাও। ১০×২=২০

(ক) 'বীরাঙ্গনা কাব্য'-র নামকরণের সার্থকতা বিচার করো।

*অথবা,*

'সোমের প্রতি তারা'—পত্রিকাটি কাব্যের কত সংখ্যক পত্রিকা? তারার প্রেমে রয়েছে প্রথানুগত্যের বিরুদ্ধে তীব্র বিদ্রোহ। — মন্তব্যটির আলোকে তারা চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) 'বিহারীলাল যত বড় ভাবুক তত বড় কবি ছিলেন না।'— 'সারদামঙ্গল' অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

*অথবা,*

'সারদামঙ্গল' কাব্যে ত্রিকালের সারদার যে পরিচয় আছে, তার স্বরূপ বিশ্লেষণ করো।

# B.A. 3rd Semester (General) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা

14162

## Course : SEC-1

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) সন্ধি বিচ্ছেদ করো : পরমান্ন, যথেষ্ট

(খ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো : কলাবেচা, নীলকণ্ঠ

(গ) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো : বাচ্চারা মাঠে ফুটবল খেলছে।

(ঘ) সন্ধি করো : উত্তর + উত্তর, সম্ + সার

(ঙ) উদাহরণ-সহ স্বরসন্ধি কাকে বলে বুঝিয়ে দাও।

(চ) নাম-বিশেষণ কাকে বলে? একটি উদাহরণ দাও।

(ছ) দ্বন্দ্ব সমাস কাকে বলে? উদাহরণ দিয়ে বোঝাও।

(জ) কর্ম- কর্তৃবাচ্য কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো (*যে কোনো পাঁচটি*) : ১×৫=৫

(অ) নেবুর তেলের গন্ধে থানাসুদ্ধ লোকের মাথা ধরে গেল।

(আ) গাড়ি চালায় বংশীবদন।

(ই) পঞ্চশরে দগ্ধ করে করেছ এ কী সন্ন্যাসী।

(ঈ) দুধে দই হয়।

(উ) তিনি আহারে বসেছেন।

(ঊ) রেতে মশা দিনে মাছি তাই নিয়ে কলকেতায় আছি।

(খ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো (*যে কোনো পাঁচটি*) : ১×৫=৫

(অ) রক্ষকই ভক্ষক। (জটিল বাক্যে)

(আ) যতদিন জীবন থাকবে, ততদিন পরের দাসত্ব করব না। (সরল বাক্যে)

(ই) সত্যের নাহি পরাজয়। (অস্ত্যর্থক বাক্যে)

(ঈ) তিনি সচ্চরিত্র ব্যক্তি। (নঞর্থক বাক্যে)

(উ) স্বাধীনতা সকলেরই কাম্য। (প্রশ্নবোধক বাক্যে)

(ঊ) নিজেকে জানা কর্তব্য। (অনুজ্ঞাবাচক বাক্যে)

(গ) সর্বনাম কাকে বলে? সর্বনাম কয়প্রকার ও কী কী? উদাহরণ সহযোগে যে কোনো দুই প্রকার সর্বনাম বি[illegible] করো। ৫

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (*যে কোনো পাঁচটি*) : ১×৫=৫

দুর্ভিক্ষ, সিংহাসন, ইন্দ্রজিৎ, নদীমাতৃক, সপ্তাহ, দেনাপাওনা।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ক্রিয়াপদ কাকে বলে? ক্রিয়াপদ কয় প্রকার ও কী কী? উদাহরণ-সহ ক্রিয়াপদের প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।

(খ) ব্যঞ্জনসন্ধি কাকে বলে? উদাহরণ সহযোগে ব্যঞ্জনসন্ধির যে কোনো চারটি সূত্র বিশ্লেষণ করো।

(গ) অর্থগত দিক থেকে বাক্য কয় প্রকার ও কী কী? উদাহরণ-সহ বিস্তৃতভাবে বুঝিয়ে দাও।

(ঘ) কারক কাকে বলে? কারক কয় প্রকার ও কী কী? উদাহরণ সহযোগে কারকের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো।

---

# B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় ঃ বাংলা

## Course : SEC-1

সময় ঃ ২ ঘণ্টা পূর্ণমান ঃ ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১. *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর পূর্ণবাক্যে দাও: ২×৫=১০

(ক) সন্ধি বিচ্ছেদ করো :
দুরবস্থা, প্রাগাধুনিক

(খ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো :
গুপ্তচর, ত্রিভুবন

(গ) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :
মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন।

(ঘ) সন্ধি করো :
সৎ + ইচ্ছা, রাজা + ঋষি

(ঙ) করণ কারক কাকে বলে? একটি উদাহরণ দাও।

(চ) সমষ্টিবাচক বিশেষ্য কাকে বলে? একটি উদাহরণ দিয়ে বোঝাও।

(ছ) উদাহরণ সহযোগে বিসর্গ সন্ধি কাকে বলে বুঝিয়ে দাও।

(জ) প্রশ্নবোধক বাক্য কাকে বলে? একটি উদাহরণ দাও।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০

(ক) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো (*যে কোনো পাঁচটি*) : ১×৫=৫

(অ) "আজি ঝরঝর মুখর বাদর দিনে।"

(আ) "বিরত সতত পাপে দেবকুল।"

(ই) "হবুচন্দ্র যুদ্ধে চললেন"।

(ঈ) "যে বাঁধনে মোরে বাঁধিছে।"

(উ) "তিনটে শালিক ঝগড়া করে রান্নাঘরের চালে।"

(ঊ) "আমায় প্রশ্ন করে নীল ধ্রুবতারা।"

(খ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো (*যে কোনো পাঁচটি*) : ১×৫=৫

(অ) ধনের ধর্মই অসাম্য। (নঞর্থক বাক্যে)

(আ) আমি তাকে বিশ্বাস করি না। (অস্ত্যর্থক বাক্যে)

(ই) কী অপূর্ব দৃশ্য! (নির্দেশক বাক্যে)

(ঈ) দরিদ্র হলেও লোকটি সৎ। (যৌগিক বাক্যে)

(উ) তিনি ধনী ছিলেন, কিন্তু সুখী ছিলেন না। (সরল বাক্যে)

(ঊ) এ তো শুধু খেলা নয়। (প্রশ্নবোধক বাক্যে)

(গ) বাচ্য কাকে বলে? বাচ্য কয়প্রকার ও কী কী? যে কোনো দুই প্রকার বাচ্য উদাহরণ সহযোগে বিশ্লেষণ করো। ৫

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (*যে কোনো পাঁচটি*) : ১×৫=৫

ভবসিন্ধু, কানাকানি, নবরত্ন, দিবারাত্র, অগ্রজ, আশৈশব।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

(ক) স্বরসন্ধি কাকে বলে? উদাহরণ সহযোগে স্বরসন্ধির যে কোনো চারটি সূত্র বিশ্লেষণ করো।

(খ) গঠনগত দিক থেকে বাক্য কয়প্রকার ও কী কী? উদাহরণ সহযোগে বিস্তৃতভাবে বুঝিয়ে দাও।

(গ) বিশেষণ কাকে বলে? বিশেষণ কয়প্রকার ও কী কী? উদাহরণসহ বিশেষণের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো।

(ঘ) সমাস কাকে বলে? সমাস কত প্রকার ও কী কী? উদাহরণসহ সমাসের প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।

———